

বাংলাদেশ দূতাবাস
এথেন্স, গ্রীস

তারিখ: ২১/১১/২০১৬

সংশোধিত বিজ্ঞপ্তি

এতদ্বারা গ্রীসে বসবাসরত প্রবাসী বাংলাদেশীগণকে জানানো যাচ্ছে যে, প্রথমবারের মতো এথেন্সে অবস্থিত বাংলাদেশ দূতাবাস প্রবাসী বাংলাদেশীদের জন্য আন্তর্জাতিক অভিবাসী দিবস পুরস্কার প্রবর্তন করতে যাচ্ছে। গ্রীসে অবস্থানরত প্রবাসী বাংলাদেশী নাগরিকদের বৈধ পথে রেমিটেন্স প্রেরণের মাধ্যমে বাংলাদেশের অর্থনীতিতে অবদান রাখার স্বীকৃতিস্বরূপ এই পুরস্কার প্রদান করা হবে। এই লক্ষ্যে বাংলাদেশ দূতাবাস এথেন্স গত ০৭ নভেম্বর ২০১৬ তারিখে আগ্রহী প্রবাসী বাংলাদেশীদের বিজ্ঞপ্তির মাধ্যমে আবেদন করার জন্য অনুরোধ জানায়। প্রবাসী বাংলাদেশী নাগরিকদের অনুরোধ ও সুবিধার কথা বিবেচনা করে আবেদনপত্র জমা দেয়ার সময়সীমা আগামী ৩০ নভেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

আবেদন ফরম ও এসংক্রান্ত নীতিমালা দূতাবাসের ওয়েবসাইট (<http://bdembassy.gr/notice-board/>), ফেসবুক পেজ (Bangladesh Embassy in Athens) অথবা দূতাবাসের শ্রম শাখা হতে সংগ্রহ করার জন্য অনুরোধ জানানো হলো।



Shahidul
21.11.2016
দূতাবাস কর্তৃপক্ষ